

বাস টার্মিনাল স্থানান্তরে বৈঠক করবে লঞ্চ মালিক সমিতি

সময়ের নারায়ণগঞ্জ রিপোর্ট : বিআইডব্লিউটিএ নারায়ণগঞ্জ নদী বন্দরে নবনিযুক্ত যুগ্ম পরিচালক শেখ মাসুদ কামালের সঙ্গে বৈঠক করেছেন নারায়ণগঞ্জ লঞ্চ মালিক সমিতির নেতৃবৃন্দ।

রোববার (৭ জুলাই) দুপুরে বিআইডব্লিউটিএ নারায়ণগঞ্জ নদী বন্দরে যুগ্ম পরিচালকের কার্যালয়ে বৈঠকটি অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে লঞ্চ মালিক সমিতির নেতৃবৃন্দ জানান তারা নীচের বাস মালিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করে নারায়ণগঞ্জ টার্মিনাল সংলগ্ন বাস স্ট্যাণ্ডটি অন্যত্র সরানোর উদ্যোগ নেবেন। জানা গেছে,

▶ পৃষ্ঠা ৩ কলাম ১

বাস টার্মিনাল স্থানান্তরে বৈঠক

(শেখ পৃষ্ঠার পর)

পত ৩ জুলাই বিআইডব্লিউটিএ নারায়ণগঞ্জ নদী বন্দরে যুগ্ম পরিচালক পদে যোগদান করেন শেখ মাসুদ কামাল। ওইদিন তিনি পূর্বতন যুগ্ম পরিচালক তালজার আলীর কাছ থেকে দায়িত্ব বুঝে নেন।

রোববার ৭ জুলাই যুগ্ম পরিচালকের কার্যালয়ে লঞ্চ মালিক সমিতির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নারায়ণগঞ্জ নদী বন্দরে অবস্থিত লঞ্চ টার্মিনালের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। পরে ওই সভায় লঞ্চ মালিক সমিতি প্রতিশ্রুতি দেন যে, তারা বাস মালিক সমিতির সঙ্গে আলোচনা করে নারায়ণগঞ্জ টার্মিনাল সংলগ্ন বাস স্ট্যাণ্ডটি অন্যত্র সরানোর উদ্যোগ নেবেন। কারণ বাস টার্মিনালটির কারণে নারায়ণগঞ্জ লঞ্চ টার্মিনালের যাত্রীদের আসা যাওয়ার ক্ষেত্রে নানা ধরনের প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে।

ওই সভায় লঞ্চ মালিক সমিতির কেন্দ্রীয় সহসভাপতি ও জেলা সভাপতি বদিউজ্জামান বাদল উপস্থিত না থাকলেও সমিতির বাকী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় বিআইডব্লিউটিএ নারায়ণগঞ্জ নদী বন্দরের উপ পরিচালক মো. শহীদুল্লাহ, সহকারী পরিচালক এহতেশামুল পারভেজ উপস্থিত ছিলেন। বিআইডব্লিউটিএ নারায়ণগঞ্জ নদী বন্দরে সদ্য যোগদানকারী যুগ্ম পরিচালক শেখ মাসুদ কামাল জানান, নারায়ণগঞ্জ লঞ্চ টার্মিনালটির সামনে বাস টার্মিনাল অবস্থিত হওয়ায় লঞ্চ যাত্রীদের যাতায়াতে নানা ধরনের সমস্যা হচ্ছিল। বাস টার্মিনালটি অপসারণে পদক্ষেপ নেয়ার জন্য লঞ্চ মালিক সমিতির নেতৃবৃন্দ আমাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন তার এ বিষয়ে মালিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে দ্রুত বৈঠক করে আলোচনা করবেন।